জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৪৭৩) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০১৬/১৮৭৩

তারিখ : ০৮/১১/২০১৬

২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন করা হবে। পরীক্ষার তারিখ ও বিস্তারিত সময়সূচি যথাসময়ে ঘোষণা করা হবে। উল্লিখিত পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম, আনুষঙ্গিক কাগজপত্র পূরণ ও জমাদানের তারিখ এবং ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১। সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী, প্রশ্নপত্রের চাহিদা ফরম ও ডাটা এন্ট্রি সফটওয়ার সংগ্রহ ঃ

সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকা, বিষয় সংকেত বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম, ডাটা এন্ট্রি সফটওয়ার ও পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীসহ প্রয়োজনীয় তথ্যাদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে (**www.nubd.info/degree-pass**) পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির নির্ধারিত সময়ের পর তা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে পরীক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

২। শিক্ষার্থীর ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, বিবরণী ফরম, প্রশ্নপত্রের চাহিদা ফরম পূরণ ও জমা করার তারিখ ঃ

ক) ডাটা এন্ট্রি করার তারিখ (শিক্ষার্থী কর্তৃক)	ঃ ১৫/১১/২০১৬ হতে ০১/১২/২০১৬
খ) শিক্ষার্থীর ডাটা নিশ্চয়ন করার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ০৩/১২/২০১৬ হতে ০৮/১২/২০১৬
গ) সোনালী সেবার মাধ্যমে টাকা জমার তারিখ (কলেজ কর্তৃক)	ঃ ১১/১২/২০১৬ হতে ১৫/১২/২০১৬
ঘ) ফি, বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দেওয়ার শেষ তারিখ	ঃ ১৮/১২/২০১৬

৩। ২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

ক) ১ম বর্ষ (৭০০ নম্বর) – নিয়মিত/প্রাইভেট	ঃ ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
খ) ১ম বর্ষ (অনিয়মিত)	ঃ ৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
গ) সার্টিফিকেট কোর্স	ঃ ৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
ঘ) কেন্দ্র ফি	ঃ ৪৫০/-

(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত, প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) ঃ

i) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা অনিয়মিত ঃ

i) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (**Not Promoted**) তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

ii) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (**Promoted- C**) হয়েছে সেসকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত বিষয়ে এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

iii) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

iv) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

v) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

vi) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা মানোন্নয়ন পরীক্ষার্থী ঃ

i) ২০১৩-২০১৪,২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪,২০১৫ সালের রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের মধ্যে যারা **Not Promoted** হবে বা কোন পত্রে **C** গ্রেড, **D** গ্রেড ও **F** গ্রেড পাবে তাদের আবেদন ফরম পূরণের জন্য ২০১৫ সালের ১ম বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের পর পৃথকভাবে বিজ্ঞপ্তি দেয়া হবে। উল্লেখ্য ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ (অকৃতকার্য ও মানোন্নয়ন) এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর পরীক্ষা একই সাথে অনুষ্ঠিত হবে।

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০১৩-১৪, ২০১৪-১৫ ২০১৫-১৬ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/degree-pass)** এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৬। অনলাইনে পরীক্ষার্থী ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ

ক) শিক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(www.nubd.info/degree-pass)** এ গিয়ে College Login (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে এবং নিশ্চয়নের সময় ইন-কোর্স নম্বর (incourse mark) entry করতে হবে। ইন-কোর্স নম্বর ছাড়া ডাটা এন্ট্রি নিশ্চয়ন হবে না। এ ভাবে সকল শিক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর শিক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print বের করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী ও প্রশ্নপত্রের চাহিদা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

ঙ) পূরণকৃত আবেদন ফরমের সকল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর তা কলেজে সীলগালা অবস্থায় (এ সমস্ত কাগজপত্র ফরম পূরণের পর থেকে ফলাফল প্রকাশের পর ছয় মাস পর্যন্ত) সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে।

চ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ০২-৯২৯১০১৭, ০২-৯২৯১০৩৮ (সকাল ৮-৩০মিঃ থেকে ৪-৩০মিঃ পর্যন্ত) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ছ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা বিবরণী ফরম, ফি বিবরণী ফরম জমার সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

জ) **বিবরণী ফরম পূরণের পর কোন শিক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য শিক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

৭। ফি জমাদানের নিয়মাবলী ঃ

ক) সংশ্লিষ্ট কলেজ (pms.nu.edu.bd/pms/default.aspx সোনালী সেবার মাধ্যমে College Code entry করে pay slip down Load করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

খ) Pay Slip সংগ্রহের জন্য ১১/১২/২০১৬ তারিখ থেকে ১৫/১২/২০১৬ তারিখ বিকাল ৪-০০টা পর্যন্ত Link Active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।

গ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য ০১৭১১-০৮১৬০৭ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। বিবরণী ফরম ও ফি বিবরণী জমা দানের নিয়মাবলী ঃ

পরীক্ষার্থীর বিবরণী (দুই কপি), ফি বিবরণী (দুই কপি), Pay Slip (চার কপি), প্রশ্নপত্রের চাহিদাপত্র এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্যদের নাম, পদবী, বিষয় ও মোবাইল নম্বর সম্বলিত তালিকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখা/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে (আবেদনপত্রগুলো কলেজে সীলগালা অবস্থায় সংরক্ষণ করতে হবে)।

আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ

আঞ্চলিক কেন্দ্র, রাজশাহী : বাড়ী-০৫, রোড-০১, গ্রীণ ভিলা, পারিজাত আ/এ, ভদ্রা, রাজশাহী ফোনঃ ০৭২১-৭৬২১৪১	আঞ্চলিক কেন্দ্র, বরিশাল : হোল্ডিং নং ০০০১০০০, ওয়ার্ড নং ১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল- ৮২০০ ফোন ঃ ০৪৩১-৬১১৬৮	আঞ্চলিক কেন্দ্র, খুলনা : বাড়ী-২৭৭, রোড-১, কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০ ফোন ঃ ০৪১-৭৩১৬৭৩
আঞ্চলিক কেন্দ্র, চট্টগ্রাম : এপিক গোল্ডেন ক্যাসকেড, ইস্পাহানি পার্ক রোড, দক্ষিণ খুলশি, চট্টগ্রাম ফোন ঃ ০৩১-২৫১৫৭২৪	আঞ্চলিক কেন্দ্র, সিলেট : আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট ফোন ঃ ০৮২১-৭২৯১০২	আঞ্চলিক কেন্দ্র, রংপুর : বাড়ী-৩৯০, ওয়ার্ড নং ০৯, জি এল রায় রোড, কামাল কাছনা, রংপুর-৫৪০০ ফোন ঃ ০৫২১-৫৬০১৫
ঢাকা বিভাগের জন্য : জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪, ফোন ঃ ০২-৯২৯১০৩৮		

৯। প্রশ্নপত্রের চাহিদা ঃ

ক) বিষয়ওয়ারী প্রশ্নপত্রের চাহিদা উল্লেখপূর্বক "প্রশ্নপত্রের চাহিদা বিবরণী" যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে।

খ) **প্রশ্নপত্রের চাহিদা সঠিকভাবে প্রদান করতে হবে। চাহিদা পত্রে ভুল তথ্য প্রদানের ফলে প্রশ্নপত্রের ঘাটতি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় বহন করবে না।**

১০। প্রবেশপত্র সংশোধন ঃ

ক) প্রবেশপত্র কোন ক্রমেই কাটাকাটি বা সংশোধন করা যাবে না। প্রবেশপত্রে যদি কোন ভুল থাকে তবে তা সংশোধনের জন্য আনুষঙ্গিক কাগজপত্র সহ ডিগ্রী পাস শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সাথে যোগাযোগ করতে হবে।

খ) **রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় কোড অনুযায়ী ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১১। পরীক্ষা পরিচালনার খরচ ঃ

কেন্দ্র ফি বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য কাগজপত্র গ্রহণ করার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে নির্বাহ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক বা অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের জন্য বিশ্ববিদ্যালয় হতে কোন অর্থ প্রদান করা হবে না। প্রতি পরীক্ষার্থীর নিকট হতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- টাকা মধ্যে ৩০০/- টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষানুষ্ঠানের ০৩ দিন পূর্বেই জমা দিতে হবে। অবশিষ্ট ১৫০/- টাকা দিয়ে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে হবে।

১২। রেগুলেশন ঃ

২০১৬ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে। পূর্ণাঙ্গ রেগুলেশন বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nu.edu.bd** তে দেয়া আছে।